রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ২৪, ২০২১**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

### প্রজ্ঞাপন

তারিখঃ ৩০ জুন ২০২১

**নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটি ইস্যু) বিধিমালা, ২০০৪, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

১। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধনঃ—

(ক) বিধি ৪ এর উপ-বিধি (২) এর "১০০০ (এক হাজার) টাকা" শব্দগুলি "১,০০,০০০ (এক লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।


**মূল্য :** টাকা ১২.০০

(খ) বিধি ৭ এর উপ-বিধি (২) এর "১,০০,০০০ (এক লক্ষ) টকা" শব্দগুলি "১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং "৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা" শব্দগুলি "২,০০,০০০ (দুই লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। উপ-বিধি (২) এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নোক্ত শর্ত সংযোজিত হইবে, যথাঃ—

"তবে শর্ত থাকে যে, ফি প্রদানে বিলম্বের ক্ষেত্রে প্রতি মাস অথবা ইহার অংশবিশেষের জন্য ৫০,০০০ টাকা হারে বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।"

(গ) বিধি ১০ এর উপ-বিধি (১) এর "৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা" শব্দগুলি "২,০০,০০০ (দুই লক্ষ টাকা) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঘ) বিধি ১৭ এর উপ-বিধি (২) এর "১০০০ (এক হাজার) টাকা" শব্দগুলি "১,০০,০০০ (এক লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) বিধি ২০ এর উপ-বিধি (২) এর "১,০০,০০০ (এক লক্ষ) টাকা" শব্দগুলি "১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা" এবং "৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা" শব্দগুলি "২,০০,০০০ (দুই লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। উপ-বিধি (২) এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নোক্ত শর্ত সংযোজিত হইবে, যথাঃ—

"তবে শর্ত থাকে যে, ফি প্রদানে বিলম্বের ক্ষেত্রে প্রতি মাস অথবা ইহার অংশবিশেষের জন্য ৫০,০০০ টাকা হারে বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।"

(চ) বিধি ২৪ এর উপ-বিধি (১) এর "৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা" শব্দগুলি "২,০০,০০০ (দুই লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ছ) বিধি ৩৮ এর পর নিম্নোক্ত নতুন বিধি ৩৯ সংযোজিত হইবে, যথাঃ—

"৩৯। **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান**।—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

২। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সংশোধনঃ—

(ক) বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর "বিশ হাজার টাকা" শব্দগুলি "দুই লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা এবং দফা (খ) এর "এক হাজার টাকা" শব্দগুলি "পাঁচ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ৫ এর উপ-বিধি (৫) এর পর নিম্নোক্ত নতুন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা:—

"(৬) কমিশন নিবন্ধন সনদ মঞ্জুর করিলে স্টক-ব্রোকার বা স্টক-ডিলার নিবন্ধন ফি বাবদ পাঁচ লক্ষ টাকা কমিশন বরাবর জমা প্রদান করিবে।"

(গ) বিধি ৮ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর "দশ হাজার টাকা" শব্দগুলি "পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা এবং উপ-বিধি (২) এর "পাঁচশত টাকা" শব্দগুলি "এক হাজার টাকা" শব্দগুলি দ্বারা এবং "একশত টাকা" শব্দগুলি "পাঁচশত টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। এছাড়াও উপ-বিধি (২) এর প্রথম শর্তাংশের "দশ হাজার টাকা" শব্দগুলি "বিশ হাজার টাকা" এবং দ্বিতীয় শর্তাংশের "দশ হাজার টাকা" শব্দগুলি "ত্রিশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঘ) বিধি ৯ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর "এক হাজার টাকা" শব্দগুলি "দশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) বিধি ১৭ এর উপ-বিধি (২) এর "একশত টাকা" শব্দগুলি "এক হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(চ) বিধি ২১ এর পর নিম্নোক্ত নতুন বিধি ২১ক সংযোজিত হইবে, যথা:—

**"২১ক। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

৩। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর সংশোধন:—

(ক) বিধি ৫ এ বর্ণিত "দশ হাজার টাকা" শব্দগুলি "এক লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ১১ এর উপ-বিধি (১) এর "পঞ্চাশ হাজার টাকার" শব্দগুলি "এক লক্ষ টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(গ) বিধি ১৮ এর উপ-বিধি (১) এ বর্ণিত "পাঁচ হাজার টাকার" শব্দগুলি "পঞ্চাশ হাজার টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঘ) বিধি ২০ এর উপ-বিধি (১) এর শর্তাংশে বর্ণিত "পনের হাজার টাকা" শব্দগুলি "এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) বিধি ২২ এর উপ-বিধি (১) এ বর্ণিত "পাঁচ হাজার টাকা" শব্দগুলি "পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (১) এর শর্তাংশের স্থলে নিম্নোক্ত শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশবিশেষ বিলম্বের জন্য পঁচিশ হাজার টাকা হারে জরিমানা কমিশন বরাবর পরিশোধ করিতে হইবে।"

(চ) বিধি ২৬ এর উপ-বিধি (১) এ বর্ণিত "দশ হাজার টাকার" শব্দগুলি "এক লক্ষ টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ছ) বিধি ২৮ এর উপ-বিধি (১) এর শর্তাংশে বর্ণিত "ত্রিশ হাজার টাকা" শব্দগুলি "পাঁচ লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(জ) বিধি ৩০ এর উপ-বিধি (১) এ বর্ণিত "দশ হাজার টাকা" শব্দগুলি "এক লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (১) এর শর্তাংশের স্থলে নিম্নোক্ত শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশবিশেষ বিলম্বের জন্য পঞ্চাশ হাজার টাকা হারে জরিমানা কমিশন বরাবর পরিশোধ করিতে হইবে।"

(ঝ) বিধি ৩৫ উপবিধি (১) এ বর্ণিত "পাঁচ হাজার" শব্দগুলি "পঞ্চাশ হাজার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঞ) বিধি ৩৭ এর উপ-বিধি (১) বর্ণিত "বিশ হাজার টাকা" শব্দগুলি "দুই লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ট) বিধি ৩৯ এর উপ-বিধি (১) এ বর্ণিত "পাঁচ হাজার টাকা" শব্দগুলি "পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (১) এর শর্তাংশের স্থলে নিম্নোক্ত শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশবিশেষ বিলম্বের জন্য পঁচিশ হাজার টাকা হারে জরিমানা কমিশন বরাবর পরিশোধ করিতে হইবে।"

(ঠ) বিধি ৯০ এর পর নিম্নোক্ত নতুন বিধি ৯০ক সংযোজিত হইবে, যথা:—

"**৯০ক। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

৪। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর সংশোধন:—

(ক) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর তফসিল-১ (বিধি ৬, ৭ ও ৮ দ্রষ্টব্য) এ বর্ণিত ফি (fee) নিম্নোক্ত ভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

**তফসিল-১**
**(বিধি ৬, ৭ ও ৮ দ্রষ্টব্য)**

ফি (fee):

| | | | |
|---|---|---|---|
| ১। | নিবন্ধন সনদের জন্য আবেদন ফি | - | ৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা। |
| ২। | নিবন্ধন ফি | - | ৫,০০,০০০ (পাঁচ) লক্ষ টাকা। |
| ৩। | বার্ষিক ফি/নবায়ন ফি | - | ১,০০,০০০ (এক) লক্ষ টাকা। |
| ৪। | নিবন্ধন সনদ নবায়ন/বার্ষিক ফি জমাদানে-বিলম্বের ক্ষেত্রে জরিমানা (প্রতি দিনের জন্য) | | ১০,০০০ (দশ) হাজার টাকা। |

(খ) বিধি ২০ এর পর নিম্নোক্ত নতুন বিধি ২১ সংযোজিত হইবে, যথা:—

"**২১। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান**।—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

৫। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটি ইস্যু) বিধিমালা, ২০০৪ এর সংশোধন:—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (৫) এর "পাঁচ হাজার টাকা" শব্দগুলি "পঞ্চাশ হাজার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ৩ এর উপ-বিধি (৬) নিম্নোক্ত উপ-বিধি (৬) দ্বারা প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৬) আবেদনটি মঞ্জুর করা হইলে সেই ক্ষেত্রে কমিশনের মঞ্জুরী পত্রে উল্লিখিত নির্ধারিত শর্তে ও সময়ের মধ্যে, উপ-বিধি (৫) এ বিধৃত পন্থায়, ইস্যু মূল্যের উপর ০.১% (শতকরা শুন্য দশমিক এক) হারে নিবন্ধন ফি কমিশনকে পরিশোধ করিতে হইবে যাহা প্রাপ্তি সাপেক্ষে কমিশন সংশ্লিষ্ট সিকিউরিটি ইস্যুর জন্য অবিলম্বে নিবন্ধন প্রদান করিবে।"

(গ) বিধি ৬ এর উপ-বিধি (৩) এ বর্ণিত "পাঁচ হাজার" শব্দগুলি "পঞ্চাশ হাজার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। উপ-বিধি (৩) এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নোক্ত শর্ত সংযোজিত হইবে, যথাঃ—

"তবে শর্ত থাকে যে, সম্পদ ভিত্তিক সিকিউরিটি ইস্যুর ট্রাস্টির নিবন্ধন সনদ ইস্যুর জন্য দুই লক্ষ টাকা কমিশনের অনুকূলে পরিশোধ করিতে হইবে।"

(ঘ) বিধি ৭ এর উপ-বিধি (১) এর "পাঁচ হাজার টাকা" শব্দগুলি "পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (১) এর শর্তাংশের স্থলে নিম্নোক্ত শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য পঁচিশ হাজার টাকা হারে জরিমানা কমিশন বরাবর পরিশোধ করিতে হইবে।"

(ঙ) বিধি ৯ এর পর নিম্নোক্ত নতুন বিধি ১০ সংযোজিত হইবে, যথাঃ—

"১০। **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

৬। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর সংশোধনঃ—

(ক) বিধি ৫ এর উপ-বিধি (২) এর "১০(দশ) হাজার টাকার" শব্দগুলি "৫০ (পঞ্চাশ) হাজার টাকার" এবং উপ-বিধি (৬) এর "৫০ (পঞ্চাশ) হাজার টাকা" শব্দগুলি "৫ (পাঁচ) লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ৬ এর উপ-বিধি (২) এর "১০(দশ) হাজার টাকা" শব্দগুলি "১(এক) লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(গ) বিধি ২১ এর পর নিম্নোক্ত নতুন বিধি ২১ক সংযোজিত হইবে, যথাঃ—

"২১ক। **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

৭। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটেলমেন্ট) বিধিমালা, ২০১৭ এর সংশোধনঃ—

(ক) বিধি ৬ এর উপ-বিধি (২) এর 'এক লক্ষ টাকার" শব্দগুলি "দুই লক্ষ টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং উপ-বিধি (৪) এর "দশ লক্ষ টাকা" শব্দগুলি "পঞ্চাশ লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(খ) বিধি ৭ এর "০৫ (পাঁচ) লক্ষ টাকা" শব্দগুলি "১০(দশ) লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। বিধি ৭ এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এর পর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে যথা:—

"তবে শর্ত থাকে যে, উল্লিখিত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর প্রতি দিন বিলম্বের জন্য ৫,০০০ টাকা হারে জরিমানা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে কমিশন বরাবরে জমা প্রদান করিতে হইবে।"

(গ) বিধি ১০ এর উপ-বিধি (১) এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, ব্যবসা চালুকরণ সনদ এর জন্য ফি বাবদ কমিশনের অনুকূলে ২০ (বিশ) লক্ষ টাকা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে কমিশন বরাবর জমা প্রদান করিতে হইবে"।

(ঘ) বিধি ৩৬ এর উপ-বিধি (২) এর দফা (খ) এর স্থলে নিম্নোক্ত নতুন দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ) উক্ত আবেদনের ছকে উল্লিখিত দলিলপত্র ও তথ্যসহ কমিশনের বরাবরে প্রদেয় ফি বাবদ নিম্নোক্ত অংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে প্রদান করিতে হইবেঃ

পূর্ন- ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্র ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা;

সেলফ-ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা।"

(ঙ) বিধি ৩৮ এর উপ-বিধি (১) এর শেষে " ।" এর স্থলে "ঃ" প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের বরাবরে নিম্নোক্ত অংকের টাকা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবেঃ

পূর্ন- ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্র ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা;

সেলফ-ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা।"

(চ) বিধি ৩৮ এর উপ-বিধি (৬) এর স্থলে নিম্নোক্ত নতুন উপবিধি (৬) প্রতিস্থাপিত হইবে যথাঃ—

"(৬) প্রত্যেক ক্ষেত্রে কমিশনের বরাবরে প্রদেয় নবায়ন ফি বাবদ নিম্নোক্ত অংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে প্রদান সহ সেন্ট্রাল কাউন্টারপার্টির মাধ্যমে তফসিল-৩ এ প্রদত্ত ছকে একটি আবেদন কমিশনে দাখিল করতঃ কোন নিবন্ধন সনদ পরবর্তী পাঁচ বছরের জন্য নবায়ন করা যাইবেঃ

পূর্ণ-ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা

সেলফ-ক্লিয়ারিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা।

(ছ) বিধি ৩৮ এর উপ-বিধি (৭) এর "টাকা ৫০০ হারে" শব্দগুলির পরিবর্তে "টাকা ৫০০০ হারে" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(জ) বিধি ৫৮ এর পর নিম্নোক্ত নতুন বিধি ৫৯ সংযোজিত হইবে, যথাঃ—

"**৫৯।** **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

**প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম**
চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd